

২০২০

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-B-1

(বাংলা শিশু কিশোর সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) ‘ক্ষীরের পুতুল’ — আক্ষরিক অর্থেই অবন ঠাকুরের রূপকথার মোড়কে লেখা ছবি। — আলোচনা করো। ১০
অথবা,
(খ) শিশুসাহিত্য হিসেবে ‘ঠাকুমার ঝুলি’ কতখানি সার্থক তা পাঠ্য গল্পগুলি অবলম্বনে আলোচনা করো। ১০
- ২। (ক) ‘আবোল-তাবোল’ — এই গ্রন্থনাম কতখানি সার্থক হয়েছে তা আলোচনা করো। ১০
অথবা,
(খ) ‘খুকু ও খোকা’ ছড়াটি সমকালীন সময়ের দলিল — আলোচনা করো। ১০
- ৩। (ক) ‘ফেলুদা’ চরিত্র কিশোর গোয়েন্দা সাহিত্যে অন্যমাত্রা সংযোজন করেছে — ‘বাদশাহী আংটি’ অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো। ১০
অথবা,
(খ) শক্তিমত্তা নয়, এমনকি বুদ্ধিমত্তাও নয় — ‘কাকাবাবু’ চরিত্র সৃষ্টিতে লেখকের তুরূপের তাস ছিল মনের জোর। — আলোচনা করো। ১০
- ৪। ‘সুয়োরাগী’ রাজামশাইকে বিদেশ থেকে কী কী আনতে বলেছিলেন? ৫
অথবা,
কিরণমালা চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৫। ‘সৎপাত্র’ কবিতা অবলম্বনে সৎপাত্রের পরিচয় দাও। ৫
অথবা,
‘ঢাকাই ছড়া’ ছেলে ভুলানো ছড়া হিসেবে কতটা সার্থক হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৬। ‘বনবিহারীবাবু’ চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো। ৫
অথবা,
সবুজ দ্বীপের ‘রাজা’-র পরিচয় দাও। ৫

Please Turn Over

৭। টীকা লেখো (যে-কোনো একটি)।

৫×১

- (ক) বানরপুত্রের অপূর্ব বুদ্ধিমত্তার পরিচয় দাও।
- (খ) 'খিচুড়ি' কবিতায় 'জোড়কলম' শব্দের ব্যবহার।
- (গ) কাল্পনিক অগ্নিবলয়ের যে পরিচয় সুনীল গঙ্গোপাধ্যায় দিয়েছেন তা নিজের ভাষায় লেখো।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও :

১×১৫

- (ক) রাজামশাই কাকে জাহাজ সাজানোর আদেশ দিয়েছিলেন?
- (খ) 'ঠাকুমার ঝুলি' গ্রন্থটি কতসালে প্রথম প্রকাশিত হয়?
- (গ) বানর রাজার কাছ থেকে কী উপহার পেয়েছিল?
- (ঘ) 'ঠাকুমার ঝুলি' গ্রন্থটিতে কতগুলি কাহিনির সমাবেশ ঘটেছে?
- (ঙ) দুখু বুড়িমাকে কী বলে সম্বোধন করেছিল?
- (চ) 'খিচুড়ি' কবিতার শুরুতে কবি কী না-মানার কথা বলেছেন?
- (ছ) 'শ্যাম লাহিড়ী' কে ছিলেন?
- (জ) কোন দেশের আইন-কানুন সর্বনেশে ছিল?
- (ঝ) 'পক্ষিরাজ' ছড়াটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
- (ঞ) 'চা-খোর পাখী' কে ছিল?
- (ট) 'বাদশাহী আংটি' প্রথম কোথায় প্রকাশিত হয়?
- (ঠ) 'যব ছোড় চলে লখনৌ নগরী'— গানটির রচয়িতা কে?
- (ড) বনবিহারীবাবুর চিড়িয়াখানার দেখাশোনা কে করতেন?
- (ঢ) আন্দামানে দ্বীপের সংখ্যা কত? সন্তু কতগুলো গুনেছিল?
- (ণ) আন্দামানে এসে কাকাবাবু কোন জায়গা প্রথম দেখতে গিয়েছিলেন?